

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

সেগুনবাগিচা, ঢাকা।

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং- ১৪/মূসক/২০১৫

তারিখঃ ১৭ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ/ ০১ ডিসেম্বর, ২০১৫খ্রিঃ।

**বিষয়ঃ Infrastructure Development Company Limited (IDCOL) নিবন্ধিত Partner organization কর্তৃক 60AMP পর্যন্ত ক্ষমতাসম্পন্ন সোলার ব্যাটারী ক্রেতার ক্ষেত্রে উৎপাদন পর্যায়ের মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি।**

যেহেতু, ইতোপূর্বে শুধুমাত্র Infrastructure Development Company Limited (IDCOL) এর নিবন্ধিত স্থানীয় সোলার প্যানেল নির্মাণ প্রতিষ্ঠান কর্তৃক সোলার ব্যাটারী ক্রেতার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাটারীর উৎপাদন পর্যায়ের মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু, Infrastructure Development Company Limited (IDCOL) এর Partner organization গুলোর মাধ্যমেই সিংহভাগ সোলার সিস্টেম বিক্রয় হইয়া থাকে এবং এই কারণে IDCOL এর Partner organization গুলোর ক্ষেত্রেও একইভাবে মূসক অব্যাহতির সুবিধা প্রদান করা না হইলে গ্রামীণ বৃহৎ জনগোষ্ঠী সরকারের এই সুবিধা হইতে বঞ্চিত থাকিবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, IDCOL এর Partner organization গুলোর ক্ষেত্রেও 60AMP পর্যন্ত ক্ষমতাসম্পন্ন সোলার ব্যাটারী ক্রেতার বিপরীতে সংশ্লিষ্ট ব্যাটারীর উৎপাদন পর্যায়ের প্রযোজ্য সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

০২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং উহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/০১/১২/২০১৫খ্রিঃ

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রনালয়

তেজগাঁও, ঢাকা।

[গৌহাকে উল্লিখিত আদেশ এর ৩০০ (তিনশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২১.০১৩.১৩ / ৫০৫ (২৯)

তারিখঃ ০১/১২/২০১৫খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (ক্ষেত্র্যতার ক্রমানুসারে নয়)**

- ১। বাংলাদেশ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
- ২। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও মূসক), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৩-৫। সদস্য (শুল্ক নীতি)/সদস্য (মূসক নীতি)/সদস্য (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ১৮। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
- ১৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোডকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ২০। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২২। দ্বিতীয় সচিব (মূসক-বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৩। সভাপতি, বাংলাদেশ এ্যাকুমুলেটর এন্ড ব্যাটারী ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, ১৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।